গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
পানি সম্পদ মন্ত্রণালয়
উন্নয়ন-৩ শাখা

বিষয়: “মেঘনা নদীর ভাঙন হতে ভোলা জেলার লালমোহন উপজেলাধীন লর্ড হার্ডিঞ্জ ও ধলিগৌরনগর বাজার রক্ষা” শীর্ষক প্রকল্পের স্টিয়ারিং কমিটির ২য় সভার কার্যবিবরণী।

সভাপতি	কবির বিন আনোয়ার সিনিয়র সচিব
সভার তারিখ	২৭-০৯-২০২১।
সভার সময়	৩.২০ ঘটিকা।
স্থান	পানি সম্পদ মন্ত্রণালয়ের সভাকক্ষ।
উপস্থিতি	পরিশিষ্ট-ক।

সভার শুরুতে সভাপতি উপস্থিত সদস্যদের ও অনলাইনে যোগদানকৃত সকলকে স্বাগত জানান। সভাপতির অনুমতিক্রমে উপসচিব (উন্নয়ন-৩), পাসম জানান যে, প্রকল্পটির প্রাক্কলিত ব্যয় ৪৩২৫৫.৪২ লক্ষ টাকা এবং বাস্তবায়নকাল জুলাই, ২০১৮ হতে জুন, ২০২২ পর্যন্ত। প্রকল্পের বাস্তব অগ্রগতি ৫৩.৫০% এবং আর্থিক অগ্রগতি ৫২.২৫%।

২। প্রকল্পটির অগ্রগতি ও বাস্তব অবস্থা নিয়ে নিম্নোক্ত আলোচনা ও সিদ্ধান্ত গৃহীত হয়:

ক্রমিক	আলোচনা	সিদ্ধান্ত	বাস্তবায়নে
১।	প্রকল্প পরিচালক জানান যে, প্রকল্পের আওতাভূক্ত ১২ টি প্যাকেজের মধ্যে নদী তীর প্রতিরক্ষা সংক্রান্ত ১০ টি প্যাকেজ ইতোমধ্যে সমাপ্ত হয়েছে এবং মেঘনা নদী ড্রেজিং সংক্রান্ত ২টি প্যাকেজের গড় অগ্রগতি ৩০%। তিনি আরও জানান যে, ড্রেজিং কাজের অবশিষ্ট অংশ এপ্রিল, ২০২২ এর মধ্যে সমাপ্ত করার লক্ষ্যে কার্যক্রম অব্যাহত আছে।	নির্ধারিত সময় জুন’ ২০২২ এর মধ্যে প্রকল্পের কাজ সম্পন্ন করতে হবে।	প্রকল্প পরিচালক এবং নির্বাহী প্রকৌশলী, ভোলা পওর বিভাগ-২, বাপাউবো।
২।	নির্বাহী প্রকৌশলী, ভোলা পওর বিভাগ-২ জানান যে, Dredged Earth ব্যবস্থাপনা এর জন্য নিকটস্থ চরে মাটি নির্মিত ডাইক নির্মাণের সংস্থান ছিল। কিন্তু মেঘনার বুকে অবস্থিত চরটিতে জোয়ার-ভাটার প্রভাব থাকায় মাটি নির্মিত ডাইক নির্মাণ সম্ভব হয়নি। পরবর্তীতে মাঠ পর্যায়ের বাস্তবতায় এবং ডিজাইন, বাপাউবো’এর অনুমোদিত নকশার আলোকে জিও-টিউব নির্মিত ডাইকের মাধ্যমে Dredged Earth ব্যবস্থাপনা করা হচ্ছে। এ প্রসঙ্গে সভাপতি জিও-টিউব নির্মিত ডাইক দ্বারা সুপরিকল্পিতভাবে Dredged Earth ব্যবস্থাপনার মাধ্যমে চরটি উঁচুকরণপূর্বক সরকারিভাবে ভূমিহীনদের আবাসন নির্মাণের উপযোগী করার বিষয়ে অভিমত ব্যক্ত করেন।	জিও-টিউব নির্মিত ডাইকের মাধ্যমে Dredged Earth ফেলে চর উঁচুকরণপূর্বক ভূমিহীনদের আবাসন নির্মাণ উপযোগী করতে হবে।	প্রকল্প পরিচালক এবং নির্বাহী প্রকৌশলী, ভোলা পওর বিভাগ-২, বাপাউবো।

৩। সভায় আর কোন আলোচ্য বিষয় না থাকায় সভাপতি সকলকে ধন্যবাদ জানিয়ে সভার সমাপ্তি ঘোষণা করেন।

কবির বিন আনোয়ার
সিনিয়র সচিব

স্মারক নম্বর: ৪২.০০.০০০০.০৩৬.১৪.০১৯.১৮-৩৪৮

তারিখ: ২০ আশ্বিন ১৪২৮
০৫ অক্টোবর ২০২১

সদয় অবগতি ও প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য অনুলিপি (জ্যেষ্ঠতার ভিত্তিতে নয়) :

১) সিনিয়র সচিব, অর্থ বিভাগ, অর্থ মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা (দৃ: আ: যুগ্মসচিব)।
২) সচিব, পরিকল্পনা বিভাগ, শেরে বাংলা নগর, ঢাকা।
৩) সচিব, বাস্তবায়ন পরিবীক্ষণ ও মূল্যায়ন বিভাগ, শেরে বাংলা নগর, ঢাকা।
৪) সদস্য, কার্যক্রম বিভাগ, পরিকল্পনা কমিশন, শেরে বাংলা নগর, ঢাকা।
৫) সদস্য, কৃষি, পানি সম্পদ, পল্লী প্রতিষ্ঠান বিভাগ, পরিকল্পনা কমিশন, শেরে বাংলা নগর, ঢাকা (দৃ: আ: যুগ্মপ্রধান, সেচ উইং)।
৬) সদস্য, সাধারণ অর্থনীতি বিভাগ, পরিকল্পনা কমিশন, শেরে বাংলা নগর, ঢাকা।
৭) মহাপরিচালক, বাংলাদেশ পানি উন্নয়ন বোর্ড
৮) অতিরিক্ত সচিব, প্রশাসন অনুবিভাগ, পানি সম্পদ মন্ত্রণালয়
৯) অতিরিক্ত সচিব, উন্নয়ন অনুবিভাগ, পানি সম্পদ মন্ত্রণালয়
১০) অতিরিক্ত মহাপরিচালক (পরিকল্পনা), পরিকল্পনা, বাংলাদেশ পানি উন্নয়ন বোর্ড
১১) অতিরিক্ত মহাপরিচালক (পশ্চিম রিজিয়ন), পশ্চিম রিজিয়ন, বাংলাদেশ পানি উন্নয়ন বোর্ড
১২) যুগ্ম সচিব, উন্নয়ন-২ অধিশাখা , পানি সম্পদ মন্ত্রণালয়
১৩) যুগ্মসচিব, পরিকল্পনা উইং, পানি সম্পদ মন্ত্রণালয়
১৪) প্রধান প্রকৌশলী (পুর), পরিকল্পনা এর দপ্তর, বাংলাদেশ পানি উন্নয়ন বোর্ড
১৫) প্রধান প্রকৌশলী, দক্ষিণাঞ্চল, বাংলাদেশ পানি উন্নয়ন বোর্ড, বরিশাল।
১৬) তত্ত্বাবধায়ক প্রকৌশলী ও প্রকল্প পরিচালক, "মেঘনা নদীর ভাঙন হতে ভোলা জেলার লালমোহন উপজেলাধীন লর্ড হার্ডিঞ্জ ও ধলিগৌরনগর বাজার রক্ষা" শীর্ষক প্রকল্প, ভোলা পওর সার্কেল, বাংলাদেশ পানি উন্নয়ন বোর্ড, ভোলা।
১৭) উপপ্রধান, পরিকল্পনা-২ অধিশাখা, পানি সম্পদ মন্ত্রণালয়
১৮) উপসচিব, উন্নয়ন-২ অধিশাখা, (ফোকাল পয়েন্ট কর্মকর্তা ভোলা), পানি সম্পদ মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
১৯) মাননীয় প্রতিমন্ত্রীর একান্ত সচিব, প্রতিমন্ত্রীর দপ্তর, পানি সম্পদ মন্ত্রণালয়
২০) মাননীয় উপমন্ত্রীর একান্ত সচিব, উপমন্ত্রীর দপ্তর, পানি সম্পদ মন্ত্রণালয়
২১) সিনিয়র সহকারী সচিব, পরিকল্পনা-৪ শাখা, পানি সম্পদ মন্ত্রণালয়
২২) সিনিয়র সচিবের একান্ত সচিব, সিনিয়র সচিবের দপ্তর, পানি সম্পদ মন্ত্রণালয়
২৩) নির্বাহী প্রকৌশলী, ভোলা পওর বিভাগ-২, বাংলাদেশ পানি উন্নয়ন বোর্ড, ভোলা।
২৪) প্রোগ্রামার, পানি সম্পদ মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা (সভার কার্যবিবরণী ওয়েব সাইটে প্রকাশের জন্য অনুরোধ করা হলো)।

নাজমুল ইসলাম ভূইয়া
উপসচিব